



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং ৫৭.১৬.০০০০.০০৬.৩১.০০১.২০-১৬৪

তারিখ: ১৩/০৫/২০২৪খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি


বিষয়ঃ ২০২৩ সালে ৮ম শ্রেণির রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর তথ্য সংশোধন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন মাদ্রাসাসমূহে ২০২৩ সালে ৮ম শ্রেণির রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর কোন তথ্য সংশোধনের প্রয়োজন হলে প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে আগামী ১৯/০৫/২০২৪ খ্রি. থেকে ৩০/০৫/২০২৪ খ্রি. পর্যন্ত সংশোধনের আবেদন করতে পারবে।

আবেদনের নিয়মাবলীঃ

- শিক্ষার্থীর তথ্য সংশোধনের জন্য সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধান বরাবর সাদা কাগজে আবেদন লিখে প্রয়োজনীয় ডকুমেন্টসহ জমা দিতে হবে। ভবিষ্যৎ প্রয়োজনে মাদ্রাসা প্রধান শিক্ষার্থীর আবেদন ও প্রয়োজনীয় ডকুমেন্ট সংরক্ষণ করবেন;
- মাদ্রাসা প্রধান আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র যাচাই করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের eSIF পূরণের লিংক www.ebmeb.gov.bd হতে প্রতিষ্ঠানের EIIN ও Password ব্যবহার করে eSIF লিস্টে Edit অপশনে গিয়ে শিক্ষার্থীর প্রয়োজনীয় তথ্য সংশোধনের আবেদন প্রক্রিয়া সম্পন্ন করবেন;
- আবেদন সাবমিটের পর ফি পরিশোধের অপশন পাওয়া যাবে ও ফি পরিশোধের পরবর্তী ধাপ অনুসরণ করে মোবাইল ব্যাংকিং ও অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধ করতে হবে। পেমেন্ট সম্পন্ন না হওয়া পর্যন্ত আবেদন গ্রহণ যোগ্য হবে না।
- বোর্ডের অনুমোদনক্রমে eSIF এ তথ্য স্বয়ংক্রিয়ভাবে সংশোধন হয়ে যাবে;
- কোন অবস্থাতেই নতুন কোন শিক্ষার্থী Entry বা রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীকে Delete করার সুযোগ নেই;
- উল্লিখিত কার্যক্রম সম্পাদনের নিমিত্ত সকল প্রতিষ্ঠানের eSIF এর Lock নির্ধারিত সময়ের জন্য খুলে দেয়া হবে এবং বর্ণিত সময়ের মধ্যে সবাইকে eSIF ফাইনাল সাবমিট দিতে হবে;
- রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর তথ্য সংশোধন সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য প্রদানে পরবর্তীতে কোন জটিলতা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে।
- শুধুমাত্র সংশোধন ফি পেমেন্ট ও eSIF ফাইনাল সাবমিট সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে ০১৭১৩০৬৮৯০৯ যোগাযোগ করতে হবে।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


১৩/০৫/২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ও
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।


১৬/৫/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ:

- পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ.দা.), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল;
- পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
- পি এ টু পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- অফিস কপি।